# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

## জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং- মাধ্য/বৃত্তি/২০২৫/১৩৩৭ তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি.

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর Online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি বরিশাল শিক্ষাবোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি শিক্ষাবোর্ড অনুমোদিত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা **(Probable list)** প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট **(www.barisalboard.gov.bd)** এ ১২/১০/২০২৫ তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১৩/১০/২০২৫ তারিখ থেকে ১৯/১০/২০২৫ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ বরিশাল বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **Panel Link (VIII Scholarship eFF 2025)** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর নীতিমালার আলোকে অনুমোদিত/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত অষ্টম শ্রেণির মোট শিক্ষার্থীদের মধ্য থেকে ন্যূনতম ২০% এবং সর্বোচ্চ ৪০% শিক্ষার্থী (৭ম শ্রেণির সকল প্রান্তিকের সামষ্টিক মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে) শিক্ষার্থী Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত শিক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **select** করে Submit করতে হবে।

(গ) **VIII Scholarship eFF List Print** করে জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা ২০২৫-এর ৯.১ ধারা অনুযায়ী ভালোভাবে যাচাই-বাছাই করে প্রয়োজন হলে **Select/Unselect** করা যাবে।

(ঘ) **VIII Scholarship eFF List** চূড়ান্ত হলে **Select** হওয়া অংশ **Final Submit** করতে হবে।

(ঙ) **Final Submit** করার পর **Payment Menu Click** করে **Sonali Payment Gateway** এর মাধ্যমে **Payment** সম্পন্ন করতে হবে।

২। **Payment** করার মাধ্যম:

(ক) সোনালী ব্যাংক অন-লাইন একাউন্ট

(খ) **Card Services (NEXUS, AMEX, MASTER VISA)**

(গ) **Mobile Banking (Nagad, bkash, Rocket, Tap)**

বিশেষ দ্রষ্টব্য: **Payment** করার ক্ষেত্রে সোনালী ব্যাংক অন-লাইন একাউন্ট ব্যবহার করা শ্রেয়।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপির ১ (এক) সেট বরিশাল শিক্ষাবোর্ডে জমা দিবেন এবং ১ (এক) সেট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: ২০/১০/২০২৫।

(ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী ৪০০.০০ (চারশত) টাকা।

(খ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী ২০০.০০ (দুইশত) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে)।

(গ) অনলাইনে ফরম পূরণ **(eFF)**: ১৩/১০/২০২৫ তারিখ হতে ১৯/১০/২০২৫ তারিখ পর্যন্ত)।

৪। পরীক্ষার মাধ্যম: বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ পূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক-এ দপ্তরে হাতে হাতে ১৫/১০/২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোনো অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন : কোনো অবস্থাতেই এক প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলির/যুক্তিসংগত অন্য কোনো কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর নীতিমালার আলোকে তার ফরমপূরণ করতে হবে।

৬। পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ : নিম্নের ৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| | |
|---|---|
| ১. বাংলা (১০১) | পূর্ণমান- ১০০ |
| ২. ইংরেজি (১০৭) | পূর্ণমান- ১০০ |
| ৩. গণিত (১০৯) | পূর্ণমান- ১০০ |
| ৪. বিজ্ঞান (১২৭) | পূর্ণমান- ৫০ |
| ৫. বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১৫০) | পূর্ণমান- ৫০ |

৭। জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা ২০২৫ এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮। জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫-এর ফরমপূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**বি: দ্র: ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিলম্ব ফি প্রদান করে ফরম পূরণের কোনো সুযোগ নেই।**

২৮-০৭-২০২৫

প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
৩. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (বরিশাল অঞ্চল)
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. প্রধান শিক্ষক, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
৪. অফিস কপি।